

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১২/২০১৬

অভিযোগকারী : জনাব আবুল হোসেন মোঃ মকসুদুর রহমান  
পিতা-মরহুম এ্যাড. আব্দুর রহমান  
বীর মুক্তিযোদ্ধা মুজাফ্ফির রহমান সড়ক  
মধ্যকাটিয়া  
ডাক+উপজেলা+জেলা-সাতক্ষীরা।

প্রতিপক্ষ : জনাব প্রশান্ত ব্যানার্জী  
প্রধান অফিস সহকারী  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
সাতক্ষীরা পৌরসভা  
সাতক্ষীরা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১১-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব আবুল হোসেন মোঃ মকসুদুর রহমান ০৮-১০-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব প্রশান্ত ব্যানার্জী, প্রধান অফিস সহকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. সাতক্ষীরা পৌরসভাধীন বিভিন্ন শ্রেণীর বুকিপূর্ণ ভবনের তালিকা।
২. 'এভিএএস হাসপাতাল, কাটিয়া' এর ট্রেড লাইসেন্সের কপিসমূহ।
৩. 'আভাস সমবায় হাসপাতাল ও ডায়াগনস্টিক, কাটিয়া' এর ট্রেড লাইসেন্সের কপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৮-১১-২০১৫ তারিখে মেয়র ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১১-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আবুল হোসেন মোঃ মকসুদুর রহমান হাজির। প্রতিপক্ষ জনাব প্রশান্ত ব্যানার্জী, প্রধান অফিস সহকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ প্রধান অফিস সহকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা তার বক্তব্যে উল্লেখ করেন যে, মেয়র কর্তৃক নথি আদেশে স্বাক্ষর না করায় তাৎক্ষণিক চাহিত তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। পরবর্তীতে চাহিত তথ্য সরবরাহের আদেশ হওয়ায় অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে পুনরায় তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

(অ: পৃ: দ্র:)

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মেয়র কর্তৃক নথি আদেশে স্বাক্ষর না করায় তাৎক্ষণিক চাহিত তথ্য সরবরাহ করেননি। পরবর্তীতে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য পুনরায় সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ১৫-০২-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত অবশিষ্ট তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য প্রধান অফিস সহকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং পৌর মেয়র সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

পৌর মেয়রসহ সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার